

বৈদেশিক লিয়েন (Lien) কর্মরত কালে জ্যেষ্ঠতা, পেনশন ছুটি ইত্যাদি গণনা।

এর আর, পার্ট-১, এর বিধি-৫(৩৪) অনুযায়ী লিয়েন বলিতে কোন সরকারী কর্মচারী কোন স্থায়ী পদে, টেনিউর পদসহ স্থায়ীভাবে নিযুক্ত হইলে, উক্ত পদে ক্ষণিকভাবে অথবা অনুপস্থিতির কাল অতিবাহিত হইবার পর স্থায়ীভাবে অধিষ্ঠিত থাকার অধিকার বুঝায়।

এস, আর, পার্ট-১ এর বিধি-১৯ তে লিয়েন সংরক্ষণের বিধান নিম্নরূপ

বিধি-১৯। বিধি-২০ এর অধীনে লিয়েন স্থগিত করা না হইলে বা ২৩ বিধির অধীনে লিয়েন স্থানান্তরিত না হইলে, স্থায়ী পদে স্থায়ীভাবে অধিষ্ঠিত কোন সরকারী কর্মচারী নিম্নলিখিত ক্ষেত্রে ঐ পদে লিয়েন সংরক্ষণ করেন

(এ) যখন ঐ পদের দায়িত্ব পালন করেন;

(বি) যখন ফরেন সার্ভিসে কর্মরত থাকেন অথবা অস্থায়ী পদে অধিষ্ঠিত থাকেন অথবা অন্য কোন পদে অফিসিয়েটিং হিসাবে নিয়োজিত থাকেন।

(সি) অন্য পদে বদলীর ক্ষেত্রে যােগদানকালীন সময়ে। তবে তিনি যদি নিম্ন বেতনের কোন পদে স্থায়ীভাবে বদলী হন, তাহা হইলে পুরাতন পদের দায়িত্ব হইতে অব্যাহতির তারিখ হইতে নতুন পদে তাহার লিয়েন স্থানান্তর হইবে;

(ডি) বিধি-২২(২) এর বিধান সাপেক্ষে ছুটিকালীন সময়ে; এবং

(ই) সাময়িক বরখাস্তকালীন সময়ে।

নিম্নবর্ণিত কারণে লিয়েনের অবসান ঘটে।

বি, এস, আর, পার্ট-১ এর বিধি-১৭ অনুযায়ী কোন সরকারী কর্মচারী তে কোন স্থায়ী পদে স্থায়ীভাবে নিয়োগ লাভ করিলে তাহার পূর্বের ধারণকৃত অর্জিত লিয়েনের অবসান হইবে। |

২। বি, এস, আর, পার্ট-- (২).তে যাহাই বর্ণিত থাকুক না লিয়েন কোন অবস্থাতেই স্থগিত স্থায়ীভাবে নিয়োজিত হন, তাহা বি, এস, আর, পার্ট-১ এর বিধি-২০(৩) তে বর্ণিত আছে যে, উপবিধি (১) ও থাই বর্ণিত থাকুক না কেন, একজন সরকারী কর্মচারীর টেনিউর পদের উপর " অবস্থাতেই স্থগিত রাখা যাইবে না। তিনি যদি অন্য কোন স্থায়ী পদে মাজত হন, তাহা হইলে টেনিউর পদে তাহার লিয়েনের অবসান ঘটিবে।

নিরীক্ষা ও হিসাববিধি বৈদেশিক চাকুরীতে লিয়েনে কর্মরত প্রসঙ্গে-

সংস্থাপন মন্ত্রণালয়ের ৬-৫-২০০৭ তারিখে জারীকৃত রিজলিউশন নং সম/বৈ, নি:)/বৈদেশিক নিয়োগনীতি/১২/২০০৩-৬৮(২০০) এর অনুচ্ছেদ (৬) (ক) অনুযায়ী লিয়েনের মেয়াদ ৫

(পাঁচ) বৎসর হইতে পারে। এই ৫ (পাঁচ) বৎসর শুধু চাকুরীর জ্যেষ্ঠতা, বেতন বৃদ্ধি ও অবসর গ্রহণের পেনশনের জন্য গণনাযোগ্য হইবে। অন্য কোন উদ্দেশ্যে এই সময়কাল গণনাযোগ্য হইবে না এবং লিয়েনাধীন কর্মকর্তা/কর্মচারী এই সময়কালে কোন কোন বেতন/ভাতা/ছুটি পাইবেন না। বাংলাদেশের চাকুরী হইতে অব্যাহতি প্রাপ্তির তারিখ হইতে সেই চাকুরীতে পুনঃ যোগদানের পূর্ব দিন পর্যন্ত সময় লিয়েনকাল হিসাবে গণ্য হইবে।